



## জাতীয় মানবাধিকার কমিশন

(২০০৯ সালের জাতীয় মানবাধিকার কমিশন আইন দ্বারা প্রতিষ্ঠিত একটি সংবিধিবদ্ধ স্বাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান)  
বিটিএমসি ভবন (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫  
ই-মেইলঃ info@nhrc.org.bd

স্মারক নংঃ এনএইচআরসিবি/ প্রেস বিজ্ঞঃ ২৩৯/১৩-০৯

তারিখঃ ০২ মে ২০১৮

### প্রেস বিজ্ঞপ্তিঃ

#### জাতীয় মানবাধিকার কমিশনের প্রথম চেয়ারম্যান ও বিচারপতি আমীরুল কবীর চৌধুরীর মৃত্যুতে গভীর শোক প্রকাশ

গত ০১ মে ২০১৮ তারিখ সন্ধ্যায় জাতীয় মানবাধিকার কমিশনের প্রথম চেয়ারম্যান ও সুপ্রীম কোর্টের আপিল বিভাগের বিচারপতি আমীরুল কবীর চৌধুরী ইন্তেকাল করেছেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাহি রাজিউন)। তাঁর মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন জাতীয় মানবাধিকার কমিশনের মাননীয় চেয়ারম্যান কাজী রিয়াজুল হক।

তিনি বলেন, “বিচারপতি আমীরুল কবীর চৌধুরী ২০০৮ সালের পহেলা ডিসেম্বর জাতীয় মানবাধিকার কমিশনের প্রথম চেয়ারম্যান নিযুক্ত হন এবং ২১ জুন ২০১০ পর্যন্ত উক্ত পদে দায়িত্ব পালন করেন। কমিশনের প্রথম চেয়ারম্যান হিসাবে তিনি বেশ কিছু পদক্ষেপ গ্রহণ করেছিলেন যা কমিশনকে বর্তমান অবস্থানে আসতে সহায়তা করেছে। আমি তাঁর মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করছি। নিহতের আত্মার মাগফিরাত ও শান্তি কামনা করছি। শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি আন্তরিক সমবেদনা জ্ঞাপন করছি”।

উল্লেখ্য, বিচারপতি আমীরুল কবীর চৌধুরী বার্ধক্যজনিত রোগে আক্রান্ত হয়ে গত ০১ মে রাতে বাংলাদেশ মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা যান। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭৮ বছর। তাঁকে চট্টগ্রামের চাঁদগাঁ আবাসিক এলাকায় পারিবারিক কবরস্থানে দাফন করা হয়েছে।

ধন্যবাদান্তে

ফারহানা সিদ্দিক

জনসংযোগ কর্মকর্তা

জাতীয় মানবাধিকার কমিশন